গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, লালমনিরহাট।
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.lalmonirhat.gov.bd

সভাপতি	:	এইচ এম রকিব হায়দার বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।
বিষয়	:	মার্চ/২০২৫ মাসে অনুষ্ঠিত জেলা আদালত সহায়তা কমিটির সভার কার্যবিবরণী।
তারিখ ও সময়	:	০৯/০৩/২০২৫ খ্রি. সকাল- ১০.৫০ টা।
স্থান	:	জেলা ম্যাজিস্ট্রেটের সম্মেলন কক্ষ, লালমনিরহাট।

উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-“ক”তে দেখানো হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাটকে গত ০৯ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনানোর আহ্বান জানানো হয়। তিনি পাঠ করে শোনান, কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১: সরকার কর্তৃক ঘোষিত চাঞ্চল্যকর ও লোমহর্ষক/নৃশংস মামলার সাক্ষী হাজির প্রসঙ্গে : অতিরিক্ত পুলিশ সুপার, লালমনিরহাট জানান যে, সরকার কর্তৃক ঘোষিত চাঞ্চল্যকর ও লোমহর্ষক/নৃশংস মামলার সাক্ষী আদালতে যথাসময়ে হাজির করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	সরকার কর্তৃক ঘোষিত চাঞ্চল্যকর ও লোমহর্ষক/ নৃশংস মামলা দায়ের হলে যথা সময়ে আদালতে সাক্ষী হাজির করতে হবে।	পুলিশ সুপার, লালমনিরহাট।
২: মাদক ও চোরাচালান মামলা সংক্রান্ত : সভায় মাদক আইনের মামলার বিষয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, দায়রা জজ আদালতে মাদকের মোট মামলা-২৩৫৩টি। ফেব্রুয়ারি ২০২৫ মাসে ০৫ টি মামলা দায়ের হয়েছে। ১০ টি মামলা নিষ্পত্তি হয়েছে। বর্তমানে মোট অনিষ্পন্ন মামলার সংখ্যা- ২৩৪৮টি। পুলিশ সুপার, লালমনিরহাট এর প্রতিবেদনে দেখা যায়, বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে মাদকের মোট মামলা ৪৯৭৭টি। ফেব্রুয়ারি, ২৫ মাসে ৭০টি মামলা দায়ের হয়েছে। ফেব্রুয়ারি ২০২৫ মাসে ১৮ টি মামলা নিষ্পত্তি হয়েছে। তন্মধ্যে ০৬ টি মামলায় সাজা ও ১২ টি মামলায় খালাস দেয়া হয়েছে। বর্তমানে অনিষ্পন্ন মামলার সংখ্যা-৫০২৯ টি। বিজ্ঞ জেলা ও দায়রা জজ আদালত ও বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে মাদকের মোট অনিষ্পন্ন মামলার সংখ্যা ৭৩৭৭টি। সভায় জানানো হয় যে, শুধুমাত্র জজ কোর্ট ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে মাদকের ৭৩৭৭ টি মামলা অনিষ্পন্ন রয়েছে। এত বিপুল সংখ্যক মামলার বিপরীতে নিষ্পত্তির সংখ্যা খুবই কম। দ্রুত নিষ্পত্তি না হলে দীর্ঘদিনেও মামলা জট কমানো সম্ভব হবে না। সভায় মামলাগুলোর সালওয়ারী তালিকা প্রণয়ন করে তালিকা দাখিল এবং নিষ্পত্তি বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করা হয়।	১) বিজ্ঞ দায়রা জজ আদালত ও বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে অনিষ্পন্ন মামলার সাল ভিত্তিক তালিকা প্রস্তুত পূর্বক দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২) মাদকসহ অন্যান্য আইনের মামলার নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। ৩) সাক্ষী উপস্থিত হলে সাক্ষ্য গ্রহণ নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১) পুলিশ সুপার, লালমনিরহাট। ২) বিজ্ঞ পিপি, লালমনিরহাট। ৩) কোর্ট ইন্সপেক্টর, লালমনিরহাট।

৩: প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত: সভায় জানানো হয় যে, পরিপত্রে ফৌজদারী কার্যবিধির ৩৭৩ ধারায় নিষ্পত্তিকৃত মামলার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, জননিরাপত্তা বিভাগ এবং আইন ও বিচার বিভাগে প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা দেওয়া হয়েছে। সভায় জানানো হয় যে, বিজ্ঞ পিপির কার্যালয় হতে নির্ধারিত ছকে প্রতিবেদন পাওয়া গেছে এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে পরিপত্রের নির্ধারিত ছকে প্রতি মাসের ০১ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণের উপর গুরুত্ব আরোপ করা হয়।	পরিপত্রের নির্ধারিত ছকে প্রতি মাসের ০১ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।	বিজ্ঞ পিপি, লালমনিরহাট।
৪: বিবিধ : সভায় অতিরিক্ত পুলিশ সুপার, লালমনিরহাট জানান যে, ট্রেজারির সামনে জব্দকৃত আলামতগুলি দীর্ঘদিন থেকে পড়ে আছে। বর্তমানে সেখানে জব্দকৃত আলামত রাখার মতো কোন জায়গা নেই। সভায় সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট মাদকদ্রব্য মামলায় জব্দকৃত মালামাল আইনের উদ্ধৃতি উল্লেখ পূর্বক জানান যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ২৭ (১) এর (খ) অনুচ্ছেদ অনুযায়ী কোন মাদকদ্রব্যে অপরাধের মামলা চলাকালে কোনো এখতিয়ার সম্পন্ন আদালত যদি এই সিদ্ধান্তে উপনীত হন, আটককৃত বস্তু বাজেয়াপ্তযোগ্য, তাহা হইলে উক্ত অপরাধ প্রমাণিত হউক অথবা না হউক বস্তুটি মাদকদ্রব্য না হলে বাজেয়াপ্ত করার বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করতে পারবেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে জব্দকৃত মালামালগুলি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ২৭ (১) এর (খ) অনুচ্ছেদ অনুযায়ী নিলামের মাধ্যমে অপসারণের জন্য বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর দৃষ্টি আকর্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্ব আরোপ করা হয়।	জব্দকৃত মালামালগুলো মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ২৭ (১) এর (খ) অনুচ্ছেদ অনুযায়ী নিলামের মাধ্যমে অপসারণের জন্য বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-এঁর দৃষ্টি আকর্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১) পুলিশ সুপার, লালমনিরহাট। ২) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট। ৩) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লালমনিরহাট। ৪) বিজ্ঞ পিপি, লালমনিরহাট। ৫) কোর্ট পুলিশ পরিদর্শক, লালমনিরহাট।

অতঃপর সভার আর কোন আলোচ্য বিষয় না থাকায় সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলকে আন্তরিক হওয়ার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এইচ.এম রকিব হায়দার)
জেলা ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট।
ফোনঃ ০২৫৮৯-৯৮৬৭৭৭
dclalmonirhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, লালমনিরহাট।
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৫২০০.০২৪.০৩.০০৫.১৭-২৭৪(৩০)

তারিখঃ ২৪ ফাল্গুন, ১৪৩১
০৯ মার্চ, ২০২৫

মার্চ, ২০২৫ মাসে অনুষ্ঠিত জেলা আদালত সহায়তা কমিটির সভার কার্যবিবরণী সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো:

০১। পুলিশ সুপার, লালমনিরহাট।
০২। সিভিল সার্জন, লালমনিরহাট।
০৩। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, লালমনিরহাট।
০৪। অধিনায়ক, র‍্যাব-১৩, রংপুর।
০৫। ....,
লালমনিরহাট।

০৯/০৩/২৫

(মোছাঃ আফরোজা খাতুন)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট।
ফোনঃ ০২৫৮৯-৯৮৬৮৬৮
admlalmonirhat@mopa.gov.bd